



ইরানকে চুক্তি বিলম্বের মূল্য দিতে হবে: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে সম্ভাব্য চুক্তি নিয়ে দীর্ঘসূত্রতার সমালোচনা করে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, আলোচনায় দেরি করায় এখন এর মূল্য দিতে হবে তেহরানকে।

মঙ্গলবার (৯ জুন) সামাজিক যোগাযোগমাধ্যম টুইথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প ইঙ্গিত দেন, ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র আরও সামরিক পদক্ষেপ নিতে পারে। এ তথ্য জানিয়েছে দ্য টাইমস অব ইসরায়েল।

সম্প্রতি একটি মার্কিন সামরিক হেলিকপ্টার ভূপাতিত হওয়ার পর যুক্তরাষ্ট্র ইরানের বিভিন্ন স্থাপনায় হামলা চালায়। পাল্টা প্রতিক্রিয়ায় মধ্যপ্রাচ্যে থাকা কয়েকটি মার্কিন ঘাঁটিতে হামলার দাবি করে ইরান।

তবে চলমান উত্তেজনার মধ্যেও ইরান দুর্বল অবস্থানে রয়েছে বলে দাবি করেন ট্রাম্প। তার ভাষায়, ইরানের সামরিক সক্ষমতা বড় ধরনের ক্ষতির মুখে পড়েছে এবং দেশটির বাহিনী বিশৃঙ্খল পরিস্থিতিতে রয়েছে।

ইরানকে কটাক্ষ করে ট্রাম্প আরও বলেন, তেহরান শুধু হুমকি দেয়, কিন্তু কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হয়।